



# ঐদেরহাট

আতিক রহমান

বটতলা – নদীর ধারে গঞ্জের সেই পুরাতন হাটবেলা  
বিকেল গড়িয়ে সাঁঝ হাট চলে মাঝ রাত বেলা  
সারি সারি নৌকা বাঁধা থাকে নদীর ঘাটে  
হেন জিনিষ বিক্রি না হয় ইছামতীর সেই হাটে।

কামার কুমারের সৃষ্টির পসরা সাজানো সারি সারি  
দোকানে করে ঠাঁসঠাঁসি হাজারো জিনিষ রকমারি  
চায়ের দোকানে মিস্টি মিঠাই জিলাপি আর মুড়কি  
ওসধ বিক্রির বিশাল প্যান্ডেলে চলে শুধু ভ্যালকি।

তেলের শিশি মেয়ের বায়না রেশমী চুড়ি আর লাল ফিতা  
ঝাল নুন কেরোসিন কতকি লিস্টি করা গদবাঁধা  
বাপের তামাক পাতা মায়ের পান চুন আর গুঁড়ো মশলা  
চলে না যে আর মজুরের সংসার গায়ে খেটে কামলা।

ছেলের চাই মোয়া মুড়ি আর দু'আনার নকুন দানা  
ডিম হালি তিন, দুটো লাউ সাথে মুরগীর একটি ছানা  
বাপের গামছা ছেলের বায়না হাটে নাগর দোলায় চড়া  
গাঁটে আছে বউয়ের জমানো টাকা আনা দুই কড়া।

বড়ই মাংগা পড়েছে যে বাজারে আজ দিনকাল  
কি করে মেহেরালী যোগাবে ঐদের এই ব্যয়ভার?